ট্রাফিক ব্যবস্থা নিয়ন্ত্রণে কুষ্টিয়া সরকারি কলেজের বিএনসিসি ও রোভারের কার্যক্রম শুরু

কুষ্টিয়া শহরের ট্রাফিক ব্যবস্থা নিয়ন্ত্রণ ও শৃঙ্খলা ফিরিয়ে আনতে এর ব্যবস্থাপনায় শিক্ষার্থীদের যুক্ত করা হয়েছে।

এ বিষয়ে আজ রবিবার (০৩ নভেম্বর) সকালে কুষ্টিয়া শহরের কলেজ মোড় থেকে বিএনসিসি ও রোভার এর অংশগ্রহণে “ট্রাফিক ব্যবস্থাপনা নিয়ন্ত্রণ কার্যক্রম” শুরু হয়।

কুষ্টিয়া সরকারি কলেজের অধ্যক্ষ প্রফেসর মোল্লা মো: রুহুল আমিন এ কার্যক্রমের উদ্বোধন করেন।

এসময় তিনি বলেন, আমাদের কলেজের সামনে উত্তর দিকে প্রধান সড়ক মীর মোশাররফ হোসেন সড়ক-এ রাস্তায় ফুটপাত দখল করে থাকে। এছাড়াও কয়েকটি প্রাইভেট হাসপাতাল ক্লিনিক ডায়াগনস্টিক সেন্টার রাস্তায় যত্রতত্র যানবাহন পার্কিং করা হচ্ছে। তাদের যথেষ্ট পার্কিং নেই। এছাড়াও যত্রতত্র ইজিবাইক ও রিকশা যেখানে সেখানে থামানো হয়।
এ গুরুত্বপূর্ণ সড়কে ট্রাফিক শৃঙ্খলাকে কাঙ্ক্ষিত পর্যায়ে আনার জন্য আমাদের কলেজের বিএনসিসি ও রোভার সদস্যদের মাধ্যমে প্রতিদিন দেড় ঘন্টা করে দায়িত্ব পালনের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়েছে। এ কর্মসূচির মাধ্যমে শহরের কলেজ মোড় এলাকার ট্রাফিক বিভাগের কাজে যেমন গতিশীল হবে, তেমনি জেলার ট্রাফিক ব্যবস্থা উন্নয়ন ঘটার মাধ্যমে জনভোগান্তি অনেক কমে আসবে।

এভাবেই জনসাধারণকে সচেতন ও সম্পৃক্তকরণের মাধ্যমে শহরের ট্রাফিক শৃঙ্খলা উন্নয়ন সম্ভব বলেও মনে করেন তিনি।

এরআগে কলেজ শিক্ষক মিলনায়তনে বিএনসিসি ও রোভার এর অংশগ্রহণে “ট্রাফিক ব্যবস্থাপনা নিয়ন্ত্রণ কার্যক্রম” বিষয়ক মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে।

সভায় সভাপতিত্ব করেন কলেজের অধ্যক্ষ প্রফেসর মোল্লা মো: রুহুল

আমিন।

এসময় বক্তব্য রাখেন কলেজের উপাধ্যক্ষ প্রফেসর আনসার হোসেন, শিক্ষক পরিষদের সম্পাদক ড. মো: আব্দুল কুদ্দুস খান, বিএনসিসি’র প্রধান প্রফেসর ড. নবীনূর রহমান খান, রোভার প্রধান শামসুল ইকবাল খান, বাংলাভিশন ও দেশ রুপান্তরের কুষ্টিয়া প্রতিনিধি হাসান আলী, দৈনিক আমার দেশ পত্রিকার জেলা প্রতিনিধি নজরুল ইসলাম মুকুল ও বার্তা ২৪.কমের স্টাফ করেসপন্ডেন্ট এসএম জামাল প্রমুখ।

সভায় কলেজের বিভিন্ন বিভাগের বিভাগীয় প্রধান ও জেলার বিভিন্ন গণমাধ্যম কর্মীরা উপস্থিত ছিলেন।